দুনিয়া হলো মু’মিনের জেলখানা আর কাফিরের জান্নাত

আবূ হুরায়রা রাদিয়াল্লাহ ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,“দুনিয়া হলো মু’মিনের জেলখানা আর কাফেরের জান্নাত।”
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

কিয়ামতের দিন আল্লাহ তা‘আলা একজন মু’মিনের জন্য যে সব চিরস্থায়ী নি‘য়ামত প্রস্তুত করে রেখেছেন, সে তুলনায় এ দুনিয়া তার জন্য জেলখানা। পক্ষান্তরে কিয়ামতের দিন একজন কাফিরের জন্য যে স্থায়ী শাস্তি তৈরি করা হয়েছে, সে তুলনায় তার জন্য এ দুনিয়া হলো তার জান্নাত।

https://sunnah.global/hadeeth/bn/show/3584